মেহেরপুরের চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশ

প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন, মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ ও ঝরেপড়া রোধের লক্ষ্যে এবং শিশুদের বিদ্যালয়মুখী করা ও অনিয়ম দূর করতে গতকাল রবিবার মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে “মা সমাবেশ” অনুষ্ঠিত হয়।

সমাবেশে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মোছা: হালিমা খাতুন। এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়ার্ড পর্যায়ের ওয়াচ গ্রুপের সভাপতি মো. ইসমাইল হোসেন এবং বিদ্যালয় পরিচালনা পর্ষদের (পিটিএ) সভাপতি বারকে আলী।

সমাবেশে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, স্থানীয় জনপ্রতিনিধি, এসএমসি সদস্য, ওয়াচ গ্রুপ সদস্য ও শিক্ষার্থীদের মা-বাবারা উপস্থিত ছিলেন।

সভায় বিশেষভাবে আলোচনা করা হয় মায়েদের দায়িত্ব ও করণীয় বিষয়ে এবং বাল্যবিয়ে প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয়তা নিয়ে। মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর প্রোগ্রাম ম্যানেজার মোছা: কাজল রহমান তার বক্তব্যে বলেন, “শিশুদের নিয়মিত স্কুলে উপস্থিতি নিশ্চিত করা, সামাজিক আচরণ শেখানো এবং একজন সচেতন নাগরিক হিসেবে গড়ে তোলা প্রাথমিক বিদ্যালয় থেকেই শুরু হয়। আর এই কাজে মায়েদের ভূমিকা গুরুত্বপূর্ণ।”

এছাড়াও বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে করণীয় বিষয়ে পিটিএ সদস্য ও অভিভাবকগণ তাদের মতামত তুলে ধরেন।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই অনুষ্ঠানের আয়োজন করে। আয়োজনে সার্বিক দায়িত্ব পালন করেন প্রোগ্রাম অফিসার আশিক বুল্লাহ ও চাঁদতারা।

মেহেরপুরের চকশ্যামনগর ও খোকসায় মা সমাবেশ

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ, প্রাথমিক বিদ্যালয়ের মানোন্নয়ন এবং বিদ্যালয়ে অনিয়মিত ও ঝরে পড়া রোধকল্পে মেহেরপুর সদর উপজেলার আমদহ ও আমঝুপি ইউনিয়নের খোকসা এবং চকশ্যামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পৃথকভাবে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

নেপোলিয়ন বলেছিলেন, “আমাকে একজন শিক্ষিত মা দাও, আমি একটি শিক্ষিত জাতি উপহার দেব।” সন্তানের ভবিষ্যৎ গঠনে মায়ের ভূমিকাই প্রধান। নৈতিক চরিত্র গঠন ও আনুষ্ঠানিক শিক্ষায় অভিভাবক হিসেবে মায়ের গুরুত্ব সবচেয়ে বেশি। জন্মের পর অসহায় শিশুকে শত প্রতিকূলতা পেরিয়ে মা-ই কথা বলা ও পথ চলতে শেখান। সন্তানের সুন্দর ভবিষ্যৎ গঠনে মায়ের ভূমিকা অপরিসীম।

প্রাথমিক শিক্ষা হলো শিশুর দীর্ঘ পথচলার প্রথম ধাপ। মায়ের হাত ধরে যখন এক শিশু প্রথম বিদ্যালয়ে প্রবেশ করে, তখন শুরু হয় তার নতুন জগতে পথচলা। এই নতুন যাত্রাকে মসৃণ করতে মায়ের সচেতনতাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। বিদ্যালয়ে সহপাঠী ও শিক্ষকদের সঙ্গে মিথস্ক্রিয়ার মাধ্যমে শিশুর আচরণ, শেখার ধরন ও প্রকাশভঙ্গি গড়ে ওঠে। একজন শিক্ষকের সঠিক পর্যবেক্ষণ ও মায়ের সহায়তায় শিশুর ভবিষ্যৎ গড়ে ওঠে। তাই মা সমাবেশের গুরুত্ব অনস্বীকার্য। নিয়মিত মা সমাবেশ আয়োজন শিশুর সুন্দর ভবিষ্যৎ বিনির্মাণে অনন্য ভূমিকা পালন করে।

গণসাক্ষরতা অভিযান-এর সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই অনুষ্ঠানের আয়োজন করে। বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, ওয়াচ গ্রুপ ও পিটিএ কমিটির সদস্য এবং মউক প্রতিনিধিসহ মায়েদের নিয়ে এই মা সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ। অনুষ্ঠানটি পরিচালনা করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা এবং সার্বিক দায়িত্ব পালন করেন প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ।

মেহেরপুরের চকশ্যামনগর সঃ প্রাঃ বিদ্যালয়ে শিশুবরণ

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন শিক্ষাবর্ষ উপলক্ষে শিশুবরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, বিদ্যালয়ে শিশু-বান্ধব পরিবেশ তৈরি এবং ঝরে পড়া রোধের লক্ষ্যে রবিবার (২৬ জানুয়ারি) সকাল ১০টায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযান-এর সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এ অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মোছাঃ হালিমা খাতুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিটিএ কমিটির সভাপতি মোঃ বারেক আলী। মউক এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। তিনি তাঁর বক্তব্যে অভিভাবকদের আরও সচেতন হওয়ার আহ্বান জানান, বিশেষ করে শিশুদের সঠিক পুষ্টি ও শীত উপযোগী পোশাক নিশ্চিত করার বিষয়ে।

অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, অভিভাবকগণ এবং ওয়াচ সদস্যরাও বক্তব্য প্রদান করেন। নতুন শিক্ষাবর্ষে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ফুল ছিটিয়ে ও মিষ্টি মুখ করিয়ে বরণ করা হয়। পাশাপাশি তাদের হাতে শিক্ষাসামগ্রী উপহার হিসেবে তুলে দেওয়া হয়।

মানবাধিকারধর্মী প্রতিষ্ঠান মউক প্রাথমিক বিদ্যালয়ের মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন মানবাধিকারকর্মী কাজল রেখা এবং সার্বিক দায়িত্ব পালন করেন মউক-এর সহকারী প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা।

মেহেরপুরে কলাগাছ কেটে তসরুপ

ঘাসের জমির সীমানায় (আইল) লাগানো কলার গাছ কেটে তসরুপ করেছে দূর্বৃত্তরা।
মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের বটতলার মাঠে রবিবার (২১ আগষ্ট) দিবাগত রাতের কোনো এক সময় কলা গাছ কাটার এ ঘটনা ঘটে। শ্যামনগর গ্রামের ভুক্তভোগী কৃষক সিরাজুল ইসলাম জানান, আমার ঘাসের জমির আইলে লাগানো বেশকিছু কলাগাছ রাতের আধারে দূর্বৃত্তরা কেটে তসরুপ করেছে। এঘটনায় আইনের আশ্রয় নেবেন বলে জানান তিনি।

রোগী দেখতে গিয়ে এখন নিজেরাই হাসপাতালের বেডে

মেহেরপুর-মুজিবনগর সড়কের চকশ্যামনগর নামক স্থানে ট্রাকের সাথে বিদ্যুৎচালিত ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে মেহেরপুর হাসপাতালের নৈশ্যপ্রহরী রেজাউল মল্লিকসহ ৫ জন আহত হয়েছেন।

আহতরা হলেন, মুজিবনগর উপজেলার ইব্রাহিম শেখ (৫০), বায়োজিদ হোসেন (২৫), ঝর্ণা খাতুন (৩৫), রেজাউল মল্লিক (৫৫) ও অটোচালক মুজিবর রহমান ।

ইব্রাহিম শেখ মুজিবনগর উপজেলার ভবানীপুর গ্রামের ইন্নাল শেখের ছেলে ও ঝর্ণা খাতুন ইন্নাল শেখের স্ত্রী। এছাড়া অটো চালক মুজিবুর রহমান সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের ইব্রাহিমের ছেলে।

আজ শনিবার (২৫ জুন) বিকাল সাড়ে ৪ টার সময় সদর উপজেলার নতুনগ্রাম ও চকশ্যামনগর গ্রামের মাঝামাঝি স্থানে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা জানান, মুজিবনগর থেকে ইজিবাইকযোগে মেহেরপুর শহরে আসার সময় চকশ্যামনগর ও নতুনগ্রামের মাঝামাঝি মাঠের মধ্যে পৌছানো মাত্র বিপরীত থেকে যাওয়া একটি একটি চলন্ত ট্রাকের সাথে মুখোমুখি

সংঘর্ষে ইজিবাইকটি রাস্তার উপর উল্টে পড়ে। এতে অটোযাত্রী সকলেই আহত হন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেন।

আহতরা বর্তমানে আড়াই শয্যা বিশিষ্ট মেহেরেপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

আহতদের মধ্যে ইব্রাহিম শেখ, বায়োজিদ হোসেন, ঝর্ণা খাতুন একই পরিবারের। তাদের এক নিকটাত্মীয় ডাইরিয়া রোগে আক্রান্ত। তাকে হাসপাতালে দেখতে এসে নিজেরাই এখন হাসপাতালে ভর্তি হলেন।